



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/27/2022

গভর্নর ক্যাথি হোকল

রাশিয়া থেকে বিনিয়োগকৃত সরকারি ফান্ড ফিরিয়ে আনার জন্য স্টেট সংস্থা ও কর্তৃপক্ষগুলোর প্রতি নির্দেশ প্রদান করে গভর্নর হোকলের নির্বাহী আদেশ স্বাক্ষর

নির্বাহী আদেশ 14 এখানে পড়ুন

গভর্নর ক্যাথি হোকল আজ সার্বভৌম দেশ ইউক্রেনের উপর রাশিয়ার অন্যায় ও প্ররোচনাবিহীন হামলার সূত্র ধরে রাশিয়ায় বিনিয়োগকৃত সরকারি ফান্ড পর্যালোচনা করা ও বিনিয়োগ ফিরিয়ে আনার জন্য নিউ ইয়র্ক স্টেটের সকল স্টেট সংস্থা ও কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন। নিউ ইয়র্ক স্টেট যুক্তরাষ্ট্রের সবচেয়ে বেশি সংখ্যক ইউক্রেনীয় অভিবাসীর আবাসস্থল, যা বাইডেন প্রশাসনের সঙ্গে সম্পৃক্ততা বজায় রেখেছে এবং এই সংকটপূর্ণ সময়ে শরণার্থীদের সহায়তা করার জন্য এবং [এই স্টেটে তাদেরকে স্বাগত জানানোর জন্য প্রস্তুত রয়েছে।](#)

"রাশিয়া গণতন্ত্রকে আক্রমণ করার সিদ্ধান্ত নিয়েছে এবং আমরা এই বর্বর আচরণের বিরুদ্ধে ইউক্রেনের পাশে আছি," বলেছেন গভর্নর হোকল। "আমাদের স্টেট প্রত্যক্ষ বা পরোক্ষ বিনিয়োগের মাধ্যমে রাশিয়াকে এই মানবাধিকার লঙ্ঘনমূলক কর্মকাণ্ডে সাহায্য করবে না। নিউ ইয়র্ক যুক্তরাষ্ট্রের সবচেয়ে বেশি সংখ্যক ইউক্রেনীয় অভিবাসীর আবাসস্থল - তারা আমাদের পরিবার এবং তাদের উপর হামলা আমাদের সবার উপর হামলারই নামান্তর। আমরা আমাদের বক্তব্য ও মূল্যবোধ জানান দিচ্ছি এবং গণতন্ত্রের উপর এই হামলার প্রতি তিরস্কার জানানোর পাশাপাশি ইউক্রেনের সাথে সংহতি প্রকাশ করছি।"

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)